

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/7/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো কিছু সেবিকার রিপোর্ট তদন্ত করার জন্য ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (DEPARTMENT OF FINANCIAL SERVICES)-কে আহ্বান জানিয়েছেন যাদেরকে ওপিয়ড ওভারডোজ রিভার্সাল মেডিকেশন বহনের কারণে জীবন বিমা করার সুযোগদানে অস্বীকৃতি জানানো হয়েছে

যে সমস্ত সেবিকার ক্ষেত্রে ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এ ভোক্তা অভিযোগের [ওয়েবসাইট](#) অথবা টোল ফ্রি ফোন লাইন (800) 342-3736-এর মাধ্যমে যোগাযোগ করা সম্ভব হয়নি, গভর্নর কুওমো তাদের ব্যাপারেও আহ্বান জানিয়েছেন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো কিছু সেবিকার [রিপোর্ট](#) তদন্ত করার জন্য ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস-কে আহ্বান জানিয়েছেন যাদেরকে ওপিয়ড ওভারডোজ রিভার্সাল মেডিকেশন যেমন- ন্যালোক্সন (Naloxone) বা নারকান (Narcan) বহনের কারণে জীবন বিমা করার সুযোগ দানে অস্বীকৃতি জানানো হয়েছে।

"সেবিকারা হচ্ছে ওপিয়ড (Opioid) মহামারী প্রতিরোধে আমাদের অগ্রযাত্রার মূল অগ্রনায়ক এবং এটি অগ্রহণযোগ্য যে জীবন বিমা সুবিধা প্রদানকারীরা এ সমস্ত পরিশ্রমী স্বাস্থ্য কর্মীদের জীবন বাঁচানোর জন্য প্রয়োজনীয় সাধারণ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের অন্তরায় হয়ে দাঁড়াবে", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক শহর সর্বদা আমাদের সেবিকাদের পাশে থাকবে এবং নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের সুস্থ এবং নিরাপদ রাখতে তাদের কর্ম প্রচেষ্টাকে সর্বদা সহযোগিতা করে যাবে এবং আজ আমি ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস-কে একটি তদন্ত পরিচালনার জন্য আহ্বান জানাচ্ছি এবং একই সাথে তাদেরকে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করছি যাতে নিউ ইয়র্ক শহরের কোনো সেবিকা তার প্রাপ্য জীবন বিমা সহায়তা থেকে বঞ্চিত না হন।"

জীবন বিমা করার সুযোগ দানে যে সমস্ত সেবিকাকে অস্বীকৃতি জানানো হয়েছে তাদেরকে ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর ভোক্তা অভিযোগ [ওয়েবসাইট](#) অথবা ফোন লাইনের মাধ্যমে যোগাযোগ করার জন্য গভর্নর উৎসাহিত করেছেন যেন সমস্ত ঘটনা গভীরভাবে তদন্ত করা নিশ্চিত করা যায়। সেবিকাদের [এখানে](#) অথবা (212) 480-6400 বা টোল ফ্রি (800) 342-3736 নম্বরে (সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 থেকে বিকেল 4:30 পর্যন্ত) কল করে ভোক্তা অভিযোগ দায়ের করা উচিত।

ন্যালোক্সন হলো একটি ওপিয়ড বিরোধী যা সাময়িকভাবে মাত্রাতিরিক্ত ওপিয়ড গ্রহণের প্রতিক্রিয়া যেমন- শ্বাস-প্রশ্বাস ধীর হওয়া কিংবা পুরোপুরি বন্ধ হয়ে যাওয়াকে ব্যাহত করে। ওপিয়ড

(Opioid) সঙ্কট যা কি না অত্যন্ত মারাত্মকভাবে জাতির বিভিন্ন কমিউনিটিকে আক্রান্ত করছে, মার্কিন যুক্তরাষ্ট্রের জেনারেল সার্জন মাত্রাতিরিক্ত-বিরোধী ন্যালাক্সোন (Naloxone)-এর সহজলভ্যতা এবং গুরুত্ব প্রদানের জন্য আহ্বান জানিয়েছেন। [রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র \(Center for Disease Control\)](#) এর মতে, ফেন্টানিল (Fentanyl), যাকে হেরোইনের তুলনায় শতগুণ বেশি শক্তিশালী ওপিয়ড হিসেবে ধরা হয়, বাতাসের মাধ্যমে সূক্ষ্ম কণা অথবা তরল স্প্রে ছড়িয়ে দেওয়া যায় যা কি না প্রাথমিক গ্রাহকদের প্রশ্বাস কিংবা স্বকের সংস্পর্শে এর মাধ্যমে ক্ষতির কারণ হতে পারে। ওপিয়ড মহামারীর সংকট নিরসনের দায়িত্বে থাকা অনেক সামনের সারির সেবিকারা কোন ধরনের রোগী-নির্ধারক ব্যবস্থাপত্র ছাড়াই ন্যালাক্সোন গ্রহণ করে থাকেন, সাধারণ মেডিকেল ব্যবস্থাপনায় ঔষধ গ্রহীতা এবং রোগীদের সাথে সংঘর্ষের ভয়ে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)